



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮

২৮ ভাদ্র ১৪৩০

তারিখ: -----

১২ সেপ্টেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

জাহাজ নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানের ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১২, তারিখ: ২০ জুন ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। উল্লিখিত সার্কুলারের আওতায় ঋণ/বিনিয়োগ হিসাব পুনঃতফসিলিকরণের লক্ষ্যে সার্কুলার জারির তারিখ হতে ৯০(নব্বই) দিনের মধ্যে ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে জমাদানপূর্বক গ্রাহক আবেদন করতে পারবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়; কিন্তু নিয়ন্ত্রণ বহির্ভূত বিভিন্ন কারণে এ খাতের উল্লেখযোগ্য সংখ্যক প্রতিষ্ঠান অদ্যাবধি সার্কুলারে বর্ণিত সুবিধা গ্রহণের লক্ষ্যে প্রাক-শর্তাদি পূরণ করে সংশ্লিষ্ট ব্যাংক বরাবর আবেদন দাখিলে সমর্থ হয়নি মর্মে জানা যায়।
- ০৩। এমতাবস্থায়, গ্রাহক কর্তৃক ডাউন পেমেন্ট বাবদ প্রয়োজনীয় অর্থ নগদে জমাদানপূর্বক ব্যাংকের নিকট আবেদন দাখিলের সময়সীমা ৩০ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- ০৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-১২/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোন: ৯৫৩০২৫২